

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আপারপীও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

তারিখ: ৩০/০৬/২০২৩


স্মারক নং-৩৬.০২.০০০০.০০১.১৮.০০২.১৫. ৬২২৫

বিষয়: এলজিইডি সদর দপ্তর ও মাঠ পর্যায়ে পরিপালনের জন্য কতিপয় নির্দেশনা প্রসঙ্গে।

অর্থ বিভাগের পত্র ও সকল অভ্যন্তরীণ নিরীক্ষা চার্টার এবং মানুয়ালের অনুসরণে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের সমন্বয়ে অভ্যন্তরীণ নিরীক্ষা ইউনিট (IAU) গঠন করা হয়েছে। IAU এর জনবল দ্বারা গঠিত দুই টিমের মাধ্যমে ২য় পর্যায়ের এলজিইডি সদর দপ্তর ও মাঠ পর্যায়ের কার্যালয়ের ঋকিভিত্তিক অভ্যন্তরীণ নিরীক্ষা পরিচালনা করা হয়। উক্ত নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা করে নিম্নলিখিত নির্দেশনাসমূহ পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো:

- ১। কর্মকর্তা-কর্মচারীদের হাজিরা রেজিস্টার, স্টক রেজিস্টার, আসবাবপত্র রেজিস্টারসহ সবধরনের রেজিস্টার এবং নথিসমূহ যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;
- ২। সরকারি সম্পদ সংরক্ষণ নীতিমালার আলোকে সবধরনের অফিসিয়াল আসবাবপত্র/যন্ত্রপাতিতে Block Marking করতে হবে;
- ৩। অফিসিয়াল ওয়েব সাইট নিয়মিত হালনাগাদ করতে হবে;
- ৪। কার্যদেশ/কন্ট্রোল ডকুমেন্ট নথিতে যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;
- ৫। তিনপিন্ডে উল্লিখিত কাজের সাথে Physical Quantity-র সমন্বয় রাখতে হবে;
- ৬। ভ্রম ও ব্যয়ের অসামঞ্জস্যতা পরিহার করতে হবে;
- ৭। মনোহারি দ্রব্য ভ্রমের ক্ষেত্রে অতিরিক্ত ব্যয় পরিহার করতে হবে;
- ৮। Consultant's Time Sheet অনুমোদন না করে বিল প্রদান করা যাবে না;
- ৯। নির্ধারিত সময়ের মধ্যে উন্নয়নমূলক কাজ সমাপ্তির বিষয়ে সতর্কতা অবলম্বন করতে হবে;
- ১০। অফিসে যথাযথ সাইন বোর্ড ব্যবহার করতে হবে এবং কর্মকর্তাদের Charter of Duty টাঙ্কিয়ে রাখতে হবে;
- ১১। সরকারি বীমা কোম্পানীর মাধ্যমে সবধরনের বীমা করতে হবে;
- ১২। অবশ্যিকভাবে নির্মাণ সামগ্রীর ল্যাবরেটরী টেস্ট করতে হবে এবং রিপোর্ট যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;
- ১৩। চলমান উন্নয়নমূলক কাজের সময় বর্ষিতকরণ ব্যতিত কোন অবস্থায়ই বিল প্রদান করা যাবে না;
- ১৪। ঠিকাদারের বিল থেকে স্যালভেজ ম্যাটেরিয়াল অবশ্যই Deduct করতে হবে;
- ১৫। উন্মুক্ত আপত্তিসমূহ দ্রুতি নিষ্পত্তির পদক্ষেপ গ্রহণ করতে হবে;
- ১৬। কম/স্বল্প মেয়াদি পারফরমেন্স সিকিউরিটির ক্ষেত্রে চুক্তি চূড়ান্ত করা যাবে না;

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের জেলা ও উপজেলা পর্যায়ের অফিস ব্যবস্থাপনা এবং উন্নয়ন কার্যক্রম পরিদর্শন ও মনিটরিং এর জন্য গঠিত টিম বর্ণিত নির্দেশনাবলী পরিপালনের বিষয়টি যথাযথভাবে মনিটরিং করবেন।


মোঃ আব্দুর রশীদ মিয়া

প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)

ফোন: ৫৫০০৭২৪৮

ই-মেইল: ce@lged.gov.bd

অনুলিপি (আতর্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী(সকল)....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী(সকল), এলজিইডি.....বিভাগ, জেলা:.....।
- ৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সকল)....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সকল), এলজিইডি..... অঞ্চল, জেলা:.....।
- ৫) টিম লিডার, পরিদর্শন টিম নং-....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৫) প্রকল্প পরিচালক(সকল)....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৬) নির্বাহী প্রকৌশলী(সকল), এলজিইডি, জেলা:.....।
- ৭) নির্বাহী প্রকৌশলী ও সেকশন ইনচার্জ, এমআইএস সেকশন, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮) উপজেলা প্রকৌশলী(সকল), এলজিইডি, উপজেলা:....., জেলা:.....।